

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৯৯ (আগরতলা ১৩।০৪)
কাঞ্চনপুর, ১৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কাঞ্চনপুর মহকুমায় ৪টি মডেল ভোট গ্রহণ কেন্দ্র

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের কাঞ্চনপুর মহকুমার ২টি বিধানসভা ক্ষেত্রের ৪টি মডেল ভোট গ্রহণ কেন্দ্র করা হয়েছে। এই মডেল ভোট গ্রহণ কেন্দ্রগুলি হল ৫৯-পৈঁচারখল (এসটি) বিধানসভা ক্ষেত্রের লালজুরি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও সাবওয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়। ৬০-কাঞ্চনপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রের কাঞ্চনপুর ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় ও রামচরণ সি পি উচ্চ বিদ্যালয়।
